

উপজেলা প্রশাসনের পক্ষ থেকে একটি জরুরী বার্তা

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন আমাদের সকলের নৈতিক ও সাংবিধানিক দায়িত্ব। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, মহান বিজয় দিবস ও অন্যান্য জাতীয় দিবসসমূহে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করা হয় না এবং উত্তোলিত পতাকা যথাসময়ে নামানো হয় না। এহেন কর্মকান্ড, বাংলাদেশ জাতীয় সঙ্গীত, পতাকা এবং প্রতীক আদেশ, ১৯৭২ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, সকল সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত এবং বেসরকারী ভবনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও সূর্যাস্তের পূর্বে জাতীয় পতাকা নামিয়ে ফেলার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আসুন, আমরা সকলে অনেক ত্যাগের বিনিময়ে অর্জিত জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করি।

অনুরোধক্রমে,
উপজেলা নির্বাহী অফিসার
মীরসরাই, চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মীরসরাই, চট্টগ্রাম


স্মারক নং-০০.৫০৪.০০২.০৪.১১.০০৫.১৭-২০১৬

তারিখ : ১২/১২/২০১৭ খ্রিঃ

উপরিউক্ত বার্তাটি স্ব স্ব পৌরসভা/ইউনিয়নে ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে :-

- ০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
- ০২। পুলিশ সুপার, চট্টগ্রাম
- ০৩। প্যানেল চেয়ারম্যান-২, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০৪। মেয়র, বারইয়ারহাট পৌরসভা /মীরসরাই পৌরসভা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৫। উপজেলা কর্মকর্তা (সকল), মীরসরাই, চট্টগ্রাম
- ০৬। অফিসার ইনচার্জ, মীরসরাই থানা /জোরারগঞ্জ থানা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মীরসরাই, চট্টগ্রাম
- ০৭। প্রধান শিক্ষক/সুপার, বিদ্যালয়/মাদ্রাসা, মীরসরাই, চট্টগ্রাম (উপরোক্ত বার্তাটি প্রতিটি শ্রেণী কক্ষে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে পাঠ করে শোনানো এবং পতাকার সঠিক মাপ, রং, ব্যবহার ও যথাযথভাবে উত্তোলনের বিষয়টি বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল)।


উপজেলা নির্বাহী অফিসার
মীরসরাই, চট্টগ্রাম